



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

কৃষি ব্যাংক ভবন

৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা

ঢাকা-১০০০

ফোন : ৭১৭৬৬৬৮

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(২৭)/২০১৮-২০১৯/৪০৪(৭০)

তারিখ: ২০/০৮/২০১৮ খ্রিঃ

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়: মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক নিয়মিত শাখা পরিদর্শন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বিবেচি, পরিদর্শন ম্যানুয়েল, ১৯৯৪ ও প্রধান কার্যালয়ের শাখা নিয়ন্ত্রণ বিভাগের ২৩/১১/২০১৪ তারিখের ৮৬৯(১২৫০) নম্বর পত্রমূলে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ কর্তৃক তাদের অধিক্ষেত্রের আওতাধীন শাখাসমূহের অর্ধ-বার্ষিক ও আঞ্চলিক প্রতিবেদন সম্পর্কিত বিস্তারিত দিকনির্দেশনা জারী করা হয়েছে। জারীকৃত বিদ্যমান নিয়মাদুযায়ী প্রত্যেক অঞ্চল প্রধানগণ প্রতি মাসে অঞ্চলগোষ্ঠী এক তৃতীয়াংশ শাখা আঞ্চলিক পরিদর্শন এবং প্রত্যেক বার্ষিক সমন্বয়কাল সমাপ্ত হওয়ার পরবর্তী ৩(তিন) মাসের মধ্যে সকল শাখার অর্ধ-বার্ষিক পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করতে হবে।

০৩। এছাড়া, ২৪/০৭/২০১৩ তারিখে বিবেচি কেন্দ্রীয় হিসাব ও উহবিল ব্যবস্থাপনা বিভাগ থেকে জারীকৃত পত্র নং-প্রকা/হিসাব-১/১(১৩)/২০১৩-১৪/২০৫ মোতাবেক আঞ্চলিক তদন্ত টীম কর্তৃক তাদের আওতাধীন শাখাসমূহের নগদ ক্যাশ ঐচ্ছাসিক ভিত্তিতে আঞ্চলিক প্রতিপাদন করার সিদ্ধান্ত প্রদান করা হয়।


০৪। বিবেচ্য বিষয়ে বিভাগীয় কার্যালয়সমূহ থেকে ৩১/১২/২০১৭ তারিখ ভিত্তিক মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক সম্পাদিত শাখাসমূহের আঞ্চলিক ও অর্ধ-বার্ষিক পরিদর্শন সংক্রান্ত প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায়, ঢাকা বিভাগগোষ্ঠী ঢাকা, মুন্সীগঞ্জ, নরসিংদী এবং টাংগাইল(উঃ) মুখ্য অঞ্চল কর্তৃক পরিদর্শনযোগ্য শাখার তুলনায় পরিদর্শনকৃত শাখার সংখ্যা একেবারেই নগণ্য। অনুরূপভাবে ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ(দঃ), নেত্রকোণা ও শেরপুর মুখ্য অঞ্চল; কুমিল্লা বিভাগের কুমিল্লা, লাকসাম, বি-বাড়ীয়া ও লক্ষীপুর মুখ্য অঞ্চল; সিলেট বিভাগের সিলেট, মৌলভীবাজার ও হবিগঞ্জ মুখ্য অঞ্চল; ফরিদপুর বিভাগের গোপালগঞ্জ ও শরিয়তপুর মুখ্য অঞ্চল; ধুলনা বিভাগের বাগেরহাট ও যশোর মুখ্য অঞ্চল; বরিশাল বিভাগের পিরোজপুর, পটুয়াখালী, জেলা ও ঝালকাঠী মুখ্য অঞ্চল এবং চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম(পূর্ব), পটিয়া ও চট্টগ্রাম(পশ্চিম) মুখ্য অঞ্চল কর্তৃক পরিদর্শনযোগ্য শাখার তুলনায় পরিদর্শনকৃত শাখার সংখ্যা নিম্নস্তই কম। এছাড়াও পর্যবেক্ষণে দেখা যায়, কুমিল্লা, খুলনা এবং চট্টগ্রাম বিভাগগোষ্ঠী যথাক্রমে-লক্ষীপুর, নড়াইল ও পটিয়া অঞ্চলের পরিদর্শনযোগ্য শাখার মধ্যে একটি শাখাও অর্ধ-বার্ষিক পরিদর্শন করেনি। উল্লেখ্য, মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগণ কর্তৃক নিয়মিতভাবে শাখাসমূহের আঞ্চলিক ও অর্ধ-বার্ষিক পরিদর্শন ও আঞ্চলিক তদন্ত টীম কর্তৃক নগদ ক্যাশ আঞ্চলিক প্রতিপাদন না করার ফলে শাখাসমূহে ব্যালেন্স অর্ধ আশ্রয়, ঋণ ও আবাদত হিসাবের ব্যালেন্স না করা, শাখার হিসাব বইয়ে গরমিল, সার্টিফিকেট সামলাসমূহের নিষ্পত্তি না হওয়া ও শ্রেণীকৃত ঋণ বৃদ্ধিসহ নানাবিধ অনিয়ম সংঘটনের প্রকলন বৃদ্ধি পাচ্ছে।

০৫। প্রমত্তাবস্থায়, পরিদর্শন ম্যানুয়েল ও বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকগণ শাখাসমূহের অর্ধ-বার্ষিক ও আঞ্চলিক পরিদর্শন সম্পাদন পূর্বক পরিদর্শন প্রতিবেদনের মূলকপি সংশ্লিষ্ট শাখায়, উহার একটি কপি বিভাগীয় কার্যালয়ে এবং ফরোয়ার্ডিং পত্রের একটি অনুলিপি অত্র বিভাগে প্রেরণ করবেন।

০৬। আঞ্চলিক তদন্ত টীম- ঐচ্ছাসিক ভিত্তিতে শাখাসমূহের আঞ্চলিক ক্যাশ প্রতিপাদন সম্পাদন করে প্রতিপাদন প্রতিবেদন প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ এ প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, এতদ্বিষয়ে কোন ধরনের অনিয়ম পরিলক্ষিত হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,


(মোঃ মিজানুর রহমান)

উপ-মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

০১। স্টাফ স্টোফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।

০৪। স্টাফ অফিসার, সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। তাঁকে উপরোক্ত পত্রটি বিকেবি, ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৬। অফিস নথি।